

## কচুয়ায় মাদ্রাসার অধ্যক্ষ নিয়োগ নিয়ে ইউএনওসহ ৫ জনকে শো-কজ

বাগেরহাট থেকে নিজস্ব সংবাদদাতা : জেলার কচুয়া উপজেলার মকিয়া সাপেদিয়া সিনিয়র মাদ্রাসা অধ্যক্ষ নিয়োগ সংক্রান্ত সহকারী জজ আদালত থেকে কচুয়া উপজেলা নির্বাহী অফিসার মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক অধিদপ্তরের মহাপরিচালক, বাগেরহাট জেলা শিক্ষা অফিসার, মাদ্রাসা ম্যানেজিং কমিটির সহ-সভাপতি ও ভারপ্রাপ্ত অধ্যক্ষের নামে অধ্যক্ষ আ. সামাদ থাকার সত্ত্বেও কেন অধ্যক্ষ নিয়োগ বেআইনী ঘোষণা করা হবে না এ মর্মে ১ সপ্তাহের মধ্যে কারণ দর্শাতে বলেছেন। শনিবার এই আদেশ দেওয়া হয়।

রুহুল আমিন গাজী ১৩ আগস্ট ২০০১ দেওয়ানী আদালতে মামলা দায়ের করেন। এই মামলায় অধ্যক্ষ নিয়োগ সংক্রান্ত যাবতীয় কার্যক্রম স্থগিত ঘোষণা করে।

এরপর রহস্যজনক কারণে আদালতের ওই আদেশকে অমান্য করে পরিকায় অধ্যক্ষ নিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশ করা হয় এবং বাছাই বোর্ড গঠন করে ভারপ্রাপ্ত অধ্যক্ষ মো. ইদ্রিস আলী মল্লিকের ওই মাদ্রাসায় অধ্যক্ষ পদে নিয়োগ দিলে অধ্যক্ষ মো. আ. সামাদ কচুয়া ইউএনওসহ ১৫ জনের বিরুদ্ধে আদালতে মামলা করলে আদালত ওই ৫ জনকে শোকজ করেন।

এ ঘটনা কচুয়ায় সর্বত্র ব্যাপক তোলপাড় সৃষ্টি করেছে।